সমকাল

তারিখ: 04 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো স্থায়ী ক্যাম্পাসে যেতে আরও সময় পাচ্ছে

■ সমকাল প্রতিবেদক

স্থায়ী ক্যাম্পাসে যেতে আবারও সময় পাচ্ছে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো। এ ছাড়া দুই সেমিস্টার প্রথা বাতিল, ভিসি; প্রোভিসি ও কোষাধ্যক্ষ নিয়োগ পদ্ধতি আরও সহজীকরণ, ব্যাংকে রাখা জামানত ভাঙানোর ব্যাপারে ইতিবাচক মনোভাব দেখিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

গতকাল রোববার বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবির হোসেনের নেতৃত্বে একটি দল শিক্ষা মন্ত্রণালয়ে গিয়ে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সঙ্গে সাক্ষাৎ করে। সে সময় সমিতির এসব দাবি পূরণে আশ্বাস দেওয়া হয়। আগামী জানুয়ারি থেকে স্থায়ী ক্যাম্পাসে না যাওয়া বিশ্ববিদ্যালয়গুলোয় শিক্ষার্থী ভর্তি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত সবার জন্য সমানভাবে প্রযোজ্য হবে না বলেও আশ্বাস দেন সচিব।

এ ব্যাপারে শেখ কবির হোসেন বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর নানা সমস্যা নিয়ে সচিবের সঙ্গে আগে কখনও বসা হয়নি। তাই তাদের যৌক্তিক দাবিগুলো সচিবকে জানাতে গিয়েছিলেন তারা। সচিব তাদের দাবিগুলো শুনেছেন। তাদের মূল দাবি স্থায়ী ক্যাম্পাস ইস্যুতে সবার জন্য আইন যেন সমানভাবে প্রযোজ্য না হয়, সেটি বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন। এ ছাড়া আরও কিছু দাবি তিনি খতিয়ে দেখবেন বলে জানিয়েছেন।

বৈঠক সূত্রে জানা গেছে, তিন সেমিস্টার পদ্ধতি বাতিল করে দুই সেমিস্টার চালু, ব্যাংকে রাখা জামানত ভাঙানো, ভিসি ও প্রোভিসি, কোষাধ্যক্ষ নিয়োগ আরও সহজীকরণ করার প্রস্তাব দেন বেসরকারি বিশ্ববিদ্যালয় মালিকরা। তারা জানান, সরকারি বিশ্ববিদ্যালয়ের মতো বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দুই সেমিস্টার চালু হলে ক্লাস, পরীক্ষা, শিক্ষক নিয়োগসহ নানা ধরনের সমস্যা হবে। এ ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট-২০১০ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের অনুমতি নেওয়ার সময় ব্যাংকে রাখা স্থায়ী আমানত ভাঙানো যায় না। এখন স্থায়ী ক্যাম্পাসে যেতে ব্যাংক লোন নিতে হয়। এ জন্য এই আইনটি শিথিলের দাবি জানানো হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় বিষয়ে যে কোনো আইন বা বিধি করার সময় মালিকদের সঙ্গে কথা বলার যে দাবি দীর্ঘদিন তারা করে আসছিলেন, সেটি বিবেচনা করবেন বলেও জানিয়েছেন সচিব।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং ...
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/অবগতার্থে